

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
অপারেশনস্ অধিশাখা
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

স্মারক নম্ব: ৫৮.০২.০০০০.০০৯.০০.০২৩(অংশ-১).২১-২৭০

তারিখ: ০৩ বৈশাখ, ১৪৩৩
১৬ এপ্রিল, ২০২৬

বিষয়: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৬ উদযাপন উপলক্ষ্যে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন

সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকার ১৯/০৩/২০২৫ খ্রিঃ তারিখের ৭২ সংখ্যক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে “মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৬” উদযাপন উপলক্ষ্যে জেলা কার্যালয়সমূহকে জেলা শিশু একাডেমী/জেলা শিল্পকলা একাডেমীর সহযোগিতায় নিম্নলিখিত গ্রুপ, শ্রেণি ও বিষয়ভিত্তিক রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করার জন্য বলা হলো।

আগামী ১৭/০৫/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে সকল জেলা/মেট্রোঃ কার্যালয় তাদের প্রতিযোগিতা অবশ্যই সম্পন্ন করবেন। প্রতি জেলা/মেট্রোঃ কার্যালয়ের প্রতিটি গ্রুপের ‘প্রথম’ স্থান অধিকারীর রচনা ও অঙ্কিত চিত্রসহ মূল্যায়নপত্র আগামী ১৯/০৫/২০২৬ খ্রিঃ তারিখের মধ্য স্ব-স্ব বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। বিভাগীয় কার্যালয়সমূহ জেলা হতে প্রাপ্ত ফলাফল মূল্যায়ন কমিটি গঠনপূর্বক মূল্যায়ন করে প্রতি বিভাগের প্রথম স্থান অধিকারীর রচনা ও অঙ্কিত চিত্রসহ আগামী ২৪/০৫/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করবেন।


রচনা প্রতিযোগিতা

ক্রম	গ্রুপ	শ্রেণি	২০২৬ সালের জন্য বিষয়বস্তু
১.	‘ক’	৬ষ্ঠ, ৭ম, ৮ম বা সমমান (সর্বোচ্চ ১০০০ শব্দ)	সুনাগরিক গঠনে পরিবার ও বিদ্যালয়ের ভূমিকা
২.	‘খ’	৯ম, ১০ম বা সমমান (সর্বোচ্চ ১৫০০ শব্দ)	তরুণদের স্বপ্ন ও মাদকমুক্ত আগামীর বাংলাদেশ
৩.	‘গ’	একাদশ, দ্বাদশ, স্নাতক বা সমমান (সর্বোচ্চ ২০০০ শব্দ)	মাদকমুক্ত সমাজ হোক উন্নত বাংলাদেশ বিনির্মানের ভিত্তি

চিত্রাঙ্কন প্রতিযোগিতা

ক্রম	গ্রুপ	শ্রেণি	২০২৬ সালের জন্য বিষয়বস্তু
১.	‘ক’	১ম-৩য় শ্রেণি বা সমমান	আমার প্রিয় বিদ্যালয়
২.	‘খ’	৪র্থ-৭ম শ্রেণি বা সমমান	খেলাধুলায় বাড়ে বল; মাদক ছেড়ে খেলতে চল
৩.	‘গ’	৮ম-১০ম শ্রেণি বা সমমান	মাদক থেকে দূরে থাকি; আমার জীবন আমি গড়ি
৪.	‘ঘ’	বিশেষ চাহিদা সম্পন্ন	উন্মুক্ত

উল্লেখ্য, ঢাকা ও চট্টগ্রামে মেট্রোঃ অঞ্চলসমূহ সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের সাথে সমন্বিতভাবে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করবেন। এক্ষেত্রে মেট্রোঃ ও জেলা কার্যালয়ের সিনিয়র কর্মকর্তা এই আয়োজনে প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন।



(মোঃ বশির আহমেদ)
অ্যাডিশনাল ডিআইজি
পরিচালক (অপারেশনস্)
ও
আহবায়ক, সংশ্লিষ্ট উপকমিটি

বিতরণ:

- ১। পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
- ২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ ও গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা

- ৩। উপপরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/জেলা কার্যালয়/মেট্রোঃ কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,
- ৪। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭। অফিস কপি